

উপজেলা কৃষি ও সেচ কমিটির সভার কার্যবিবরণী :-

স্থান :- উপজেলা কৃষি অফিসার এর কার্যালয়, লাকসাম, কুমিল্লা।

সময় :- সকাল ১১.০০ ঘটিকা।

তারিখ :- ০৫/১২/২০২১ খ্রিঃ

সভাপতি :- জনাব মহব্বত আলী, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লাকসাম, কুমিল্লা।

আলোচ্যসূচী :-

- ১। বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।
- ২। মাঠে চলমান কর্যক্রমের বর্তমান পরিস্থিতি।
- ৩। সেচ নালা পাকা করণ।
- ৪। বিবিধ।

উপস্থিত সদস্যগণের নাম, পদবী ও স্বাক্ষর (স্বাক্ষরের ক্রমানুসারে)

	উপস্থিত সদস্যের নাম	পদবী	স্বাক্ষর
১	জনাব সৈয়দ শাহিনুর ইসলাম	উপজেলা কৃষি অফিসার, লাকসাম, কুমিল্লা	স্বাক্ষরীত
২	জনাব নিজাম উদ্দীন শামীম	চেয়ারম্যান, গোবিন্দপুর ইউনিয়ন, লাকসাম, কুমিল্লা।	ঐ
৩	জনাব আবদুর রশিদ সওদাগর	চেয়ারম্যান, মুদাফফরগঞ্জ দ: ইউনিয়ন, লাকসাম, কুমিল্লা।	ঐ
৪	জনাব মো: নজরুল ইসলাম	চেয়ারম্যান, আজগরা ইউনিয়ন, লাকসাম, কুমিল্লা।	ঐ

জনাব মহব্বত আলী, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লাকসাম, কুমিল্লা ও সভাপতি উপজেলা কৃষি ও সেচ কমিটি এর সভাপতিত্বে সভার কাজ শুরু করা হয়। সভার শুরুতে সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যগণকে স্বাগত জানিয়ে কমিটির সদস্য সচিব ও উপজেলা কৃষি অফিসার, লাকসাম, কুমিল্লাকে সভা পরিচালনা করার জন্য অনুরোধ জানান।

আলোচ্যসূচী-০১। বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদনঃ- সদস্য সচিব বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনান। কোন রূপ সংশোধন ছাড়াই বিগত সভার কার্যবিবরণী অনুমোদিত হয়।

আলোচ্যসূচী-০২। মাঠে চলমান কর্যক্রমের বর্তমান পরিস্থিতিঃ-

সদস্য সচিব সভায় জানান, মাঠে বর্তমানে রোপা আমন ধান কর্তন শুরু হয়েছে ফলন ভাল, বিভিন্ন রবি ফসল আবাদ চলমান। ৮৭০৫ হেক্টর জমিতে বোরো ধান আবাদের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে ইতোমধ্যে কৃষকদের নতুন জাত ও মান সম্পন্ন বীজ সংগ্রহের পরামর্শ দেয়া হচ্ছে লক্ষ্যমাত্রা অর্জিত হবে বলে আশা করা যাচ্ছে। অধিক ফসল উৎপাদনে জন্য গুটি ইউরিয়া, জৈবসার ব্যবহার, সুখমসার ব্যবহার, পাচিং ব্যবহার, লগো ব্যবহারসহ বিভিন্ন নতুন নতুন প্রযুক্তি প্রয়োগের লক্ষ্যমাত্রা নেওয়া হয়েছে।

সিদ্ধান্তঃ- রোপা আমন ধানের ফলন ভাল হওয়ায় উপজেলা কৃষি অফিসারকে ধন্যবাদ জানানো হয়। মাঠ নিবিড়ভাবে পর্যবেক্ষণ করে চাক্ষকদের রবি ফসল ও বোরো ধান আবাদের প্রয়োজনীয় পরামর্শ অব্যাহত রাখার জন্য সংশ্লিষ্টদের অনুরোধ জানানো হয়।

আলোচ্যসূচী-০৩। সেচ নালা পাকা করণঃ-

সদস্য সচিব সভায় জানান লাকসাম উপজেলায় ৫৪টি গভীর নলকূপ ও ১৩৮০ টি অগভীর নলকূপ রবি মৌসুমে চালু হওয়ার সম্ভাবনা রয়েছে। এ সকল নলকূপের মাধ্যমে বোরো জমিতে সেচ প্রদান করা হয়ে থাকে। কাঁচা সেচ নালা মাধ্যমে সেচের পানি প্রায় ৩০% অপচয় হয়। সেচ নালা পাকা করণের মাধ্যমে ৩০% আবাদী জমি বৃদ্ধি করা সম্ভব। উপজেলা পরিষদের এডিবি তহবিলের কৃষি ও সেচ খাত থেকে বরাদ্দের মাধ্যমে পর্যাক্রমে সেচ নালা পাকা করণের বিষয়ে পূর্বেও সভায় আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়। এ ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভার দৃষ্টি আকর্ষণ করা হলো নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্তঃ- উপজেলা পরিষদের মাসিক সমন্বয় কমিটির সভায় গভীর ও অগভীর নলকূপের সেচ নালা পাকা করণের বিষয়টি উত্থাপনের জন্য সদস্য সচিবকে অনুরোধ জানানো হয়।

আর কোন আলোচনা না থাকায় সভাপতি সাহেব উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(মহব্বত আলী)
ভাইস চেয়ারম্যান
ও সভাপতি


উপজেলা কৃষি ও সেচ কমিটি
লাকসাম, কুমিল্লা।

স্মারক নং- ২০৭

তারিখঃ-০৫/১২/২১ খ্রিঃ।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলোঃ-

- ০১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লাকসাম, কুমিল্লা।
- ০২। উপজেলা নির্বাহী অফিসার, লাকসাম, কুমিল্লা।
- ০৩। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লাকসাম, কুমিল্লা।
- ০৪। ----- সদস্য (সকল), উপজেলা কৃষি ও সেচ কমিটি, লাকসাম, কুমিল্লা।
- ০৫। সংরক্ষণ নথি।



(সৈয়দ শাহিনুর ইসলাম)
উপজেলা কৃষি অফিসার
ও সদস্য সচিব
উপজেলা কৃষি ও সেচ কমিটি
লাকসাম, কুমিল্লা।